

📖 সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৬৮৬৫

৫৩/ কিয়ামত, জাহ্নাত ও জাহান্নামের বিবরণ (كتاب صفة القيامة والجنة والنار)

পরিচ্ছেদঃ ১৮. অধিক পরিমাণ আমল ও ইবাদতে সাধনা করা

باب إِكْثَارِ الْأَعْمَالِ وَالْإِجْتِهَادِ فِي الْعِبَادَةِ

আরবী

حَدَّثَنَا هَارُونُ بْنُ مَعْرُوفٍ، وَهَارُونُ بْنُ سَعِيدٍ الْأَيْلِيُّ، قَالَا حَدَّثَنَا ابْنُ وَهْبٍ، أَخْبَرَنِي أَبُو صَخْرٍ، عَنْ ابْنِ قُسَيْطٍ، عَنْ عُرْوَةَ بْنِ الزُّبَيْرِ، عَنْ عَائِشَةَ، قَالَتْ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا صَلَّى قَامَ حَتَّى تَفْطَرِ رِجْلَاهُ قَالَتْ عَائِشَةُ يَا رَسُولَ اللَّهِ أَتَصْنَعُ هَذَا وَقَدْ غُفِرَ لَكَ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِكَ وَمَا تَأَخَّرَ فَقَالَ " يَا عَائِشَةُ أَفَلَا أَكُونُ عَبْدًا شَكُورًا " .

বাংলা

৬৮৬৫। হারুন ইবনু মারুফ ও হারুন ইবনু সাঈদ আল-আয়লী (রহঃ) ... আয়িশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন সালাত আদায় করতেন তখন এমনভাবে কিয়াম করতেন যে, এতে তার উভয় পদযুগল ফেটে যেতো। এ দেখে আয়িশা (রাঃ) বললেন, হে আল্লাহর রাসুল! আপনি এরূপ করছেন কেন? অথচ পূর্বাপর আপনার সমুদয় বিচ্যুতি ক্ষমা করে দেয়া হয়েছে। এ কথা শুনে তিনি বললেন, হে আয়িশা, আমি কি কৃতজ্ঞ বান্দা হবো না?

English

A'isha reported that when Allah's Messenger (ﷺ) occupied himself in prayer, he observed such a (long) qiyam (posture of standing in prayer) that his feet were swollen. A'isha said: Allah's Messenger you do this (in spite of the fact) that your earlier and later sins have been pardoned for you? Thereupon, he said. A'isha should I not prove myself to be a thanksgiving servant (of Allah)?

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=19188>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন